গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
এপিএ শাখা

## জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ২য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মেজবাহ উদ্দিন<br>সচিব |
| সভার তারিখ | ১৩.১১.২০২২ খ্রি. |
| সভার সময় | সকাল ৯:০০ ঘটিকা |
| স্থান | সভাকক্ষ ও ভার্চুয়াল প্লাটফর্ম |
| উপস্থিতি | সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাদের তালিকা-পরিশিষ্ট-ক |

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা' এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ২য় সভায় অংশগ্রহণকৃত এ মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ আরও অধিক আন্তরিকতার সাথে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার কার্যপত্র অনুযায়ী তথ্যাদি সভায় উপস্থাপন করনে।

০২। শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা গত ২৮/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করলে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ সর্বসম্মতভাবে তা অনুমোদন করেন।

০৩। শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা গত ২৮/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ভার্চুয়াল সভার সিদ্বান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ উপস্থাপন করেন:

| ক্র.নং | বৈঠকের আলোচ্যসূচি | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়ন অগ্রগতির হার |
|---|---|---|---|
| (ক) | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩' এর ২.৪ কার্যক্রমের ৬, ৮,৯,১০,১১ ও ১৪ নং কলাম এবং ২.৫ অনুচ্ছেদের ১৪ নং কলামের ২.৫ অনুচ্ছেদের ১৪ নং কলামের, ৩.৩ অনুচ্ছেদের ৬ নং কলামের এবং ৩.৪ অনুচ্ছেদের সিলেট জেলার পরিবর্তে ময়মনসিংহ জেলা পরিবর্তনের তথ্য সংশোধন করে সংশোধিত কর্মপরিকল্পনা ২৯/০৯/২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সিদ্ধান্ত অনুযায়ি তথ্য সংশোধন করে সংশোধিত কর্মপরিকল্পনা ২৮/০৯/২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | ১০০% |
| (খ) | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩'-এর নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ১৫/১০/২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩'-এর নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন এবং প্রমাণকসহ স্বমূল্যায়ন পদ্ধতিতে মূল্যায়িত প্রতিবেদন ২৯/০৯/২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | ১০০% |

| | | | |
|---|---|---|---|
| (গ) | এ মন্ত্রণালয়ের 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩' অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ২য় কোয়ার্টারে (অক্টোবর-ডিসেম্বর/২০২২) গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট সকল অনুবিভাগ ও আওতাধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | কার্যক্রম চলমান রয়েছে। | |
| (ঘ) | এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা নিজ নিজ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ১ম কোয়ার্টারের প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে এবং দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের উপর মন্ত্রণালয় কর্তৃক ৩০/১০/২০২২ তারিখের মধ্যে ফিডব্যাক প্রদান করতে হবে। | দপ্তর/সংস্থা সমূহ নির্ধারিত সময়ের মধ্যে ১ম কোয়ার্টারের প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ করেছে এবং দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের উপর মন্ত্রণালয় কর্তৃক ২৫/১০/২০২২ তারিখে ফিডব্যাক প্রদান করা হয়েছে। | ১০০% |
| (ঙ) | দপ্তর/সংস্থা সমূহ নির্ধারিত সময়ের মধ্যে ১ম কোয়ার্টারের প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ করেছে এবং দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের উপর মন্ত্রণালয় কর্তৃক ২৫/১০/২০২২ তারিখে ফিডব্যাক প্রদান করা হয়েছে। | কার্যক্রম চলমান রয়েছে। | |

০৪। সভাপতি ২৮/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি'র ১ম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন এবং যে সকল কার্যক্রম চলমান রয়েছে তা বাস্তবায়নের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ এর ২য় কোয়ার্টারে (অক্টোবর-ডিসেম্বর/২০২২) গৃহীত কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

০৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ২য় কোয়ার্টারের সভা চলতি সপ্তাহে, ৩য় কোয়ার্টারের সভা জানুয়ারি, ২০২৩ এর ১ম সপ্তাহে এবং ৪র্থ কোয়ার্টারের সভা এপ্রিল, ২০২৩ এর ১ম সপ্তাহে আয়োজন করার জন্য সকল দপ্তর/সংস্থাকে নির্দেশনা প্রদান করতে হবে;

(২) প্রিমিয়ার লীগসহ অন্যান্য লীগসমূহ আয়োজনের লক্ষ্যে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের প্রস্তাবের প্রেক্ষিতে জাতীয় ফুটবল দল গঠনের লক্ষ্যে বছরব্যাপী ফুটবল প্রশিক্ষণ প্রদান, প্রতিযোগীতাসমূহ আয়োজন এবং বাংলাদেশ ফুটবল ফেডারেশনের (বাফুফে) কে শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম মেরামত/সংস্কার কার্যক্রম চলছে। উক্ত প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে পরীবিক্ষণ করে নৈতিকতা কমিটির সভাপতির নিকট আগামী ১৫ দিনের মধ্যে একটি প্রতিবেদন পেশ করবে;

(ক) জনাব কে এম আলী রেজা, যুগ্মসচিব (উন্নয়ন অধিশাখা - ক্রীড়া সংক্রান্ত) ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

(খ) জনাব মোঃ ফজলে এলাহী, উপসচিব (প্রশাসন) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

(গ) জনাব মো: শামসুল আলম, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), জাতীয় ক্রীড়া পরিষদ

(ঘ) জনাব সুকুমার সাহা, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), জাতীয় ক্রীড়া পরিষদ

(৩) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ এর ২য় কোয়ার্টারের গৃহীত কার্যক্রমসমূহ ২৯/১২/২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;

(৪) নৈতিকতা কমিটির ১ম সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও ২য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

০৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মেজবাহ উদ্দিন
সচিব

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৫২.০৫.০০৫.২২.৪৫

তারিখ: ৩০ কার্তিক ১৪২৯
১৫ নভেম্বর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): :

১) মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২) অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৩) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৪) যুগ্ম-সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৫) যুগ্মসচিব (সংযুক্ত), প্রশাসনিক সংস্কার অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
৬) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৭) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, ঢাকা।
৮) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সভার, ঢাক।
৯) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
১০) উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২) সিনিয়র সহকারী সচিব(সকল)/সহকারী সচিব(সকল)/সহকারী প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩) সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৪) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

মোঃ ফজলে এলাহী
উপসচিব